# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জেলা প্রশাসকের কার্যালয়
(সংস্থাপন শাখা)
চট্টগ্রাম
তথ্য বাতায়ন : **www.chittagong.gov.bd**

স্মারক নম্বর-০৫.৪২.১৫০০.২০৩.২৮.০০৮.২২-৪৫০

তারিখ : ১১ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী অধিশাখার ০১/০৯/২০২২ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৩.১৬.১২৪ নং স্মারক ও বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম এর ১৯/০৯/২০২২খ্রি. তারিখের ০৫.৪২.০০০০.০০৩.০২.০০২.২১.১৮১ নং স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এ সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (বর্তমানে উপ-প্রশাসনিক কর্মকর্তা) এবং এর অধীনস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর(বর্তমানে সহকারী প্রশাসনিক কর্মকর্তা) ও সার্টিফিকেট সহকারীর শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগের লক্ষে চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র:নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (বর্তমানে উপ-প্রশাসনিক কর্মকর্তা) | ০৩ (তিন) টি | গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ)ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলস্যুটিং- এ দক্ষতা।<br>গ) কম্পিউটার ও হার্ডওয়ার বিষয়ে মৌলিক ধারণা।<br>ঘ) সাঁটলিপি লিখনের গতি প্রতি মিনিটে বাংলা ৫০ ও ইংরেজি ৮০ শব্দ।<br>ঙ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে word processing/Data entry ও Typing সর্বনিম্ন প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ২ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (বর্তমানে সহকারী প্রশাসনিক কর্মকর্তা) | ০৩ (তিন) টি | গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলস্যুটিং- এ দক্ষতা।<br>গ) কম্পিউটার ও হার্ডওয়ার বিষয়ে মৌলিক ধারণা।<br>ঘ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে word processing/Data entry ও Typing সর্বনিম্ন প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে।<br>ঙ) সাঁটলিপি লিখনের গতি প্রতি মিনিটে বাংলা ৪৫ ও ইংরেজি ৭০ শব্দ। |
| ৩ | সার্টিফিকেট সহকারী | ০৪ (চার) টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা<br>গ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে word processing/Data entry ও Typing সর্বনিম্ন প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। |

শর্তাবলী :

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। নির্ধারিত আবেদন ফরমটি চট্টগ্রাম জেলার ওয়েব সাইট (www.chittagong.gov.bd) এর নোটিশ বোর্ডে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.mopa.gov.bd) পাওয়া যাবে।

৩। প্রার্থীর বয়স ৩০/০৯/২০২২ খ্রি. তারিখে ১৮ বছর এবং ২৫/০৩/২০২০ তারিখে বয়স ৩০ বছরের মধ্যে থাকলে আবেদন করা যাবে (জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিধি ১ শাখার স্মারক নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯, তারিখ: ২২ সেপ্টেম্বর ২০২২ খ্রি.)। বীর মুক্তিযোদ্ধা/ প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। প্রার্থীকে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবির সিল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদ, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৫। আবেদনপত্র আগামী ২০/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকাল৫.০০ ঘটিকার মধ্যে) ডাকযোগে অথবা সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এর জেলা ই-সেবা কেন্দ্রে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬। আবেদনপত্রের সাথে (ক) সোনালী ব্যাংক লি: এর যে কোন শাখা হতে জেলা প্রশাসক, চট্টগ্রাম এর অনুকূলে ১-০৭৪২-০০০০-২০৩১ নম্বর কোডে ২০০/- (দুইশত) টাকার ট্রেজারী চালানের কপি (অফেরৎযোগ্য) জমা দিতে হবে। (খ) রেজিস্ট্রিসহ ডাকের জন্য ১০/- টাকার ডাক টিকেটযুক্ত ১০´x৪.৫´সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে। খামের উপরে ডান পার্শ্বে প্রার্থীর ডাক যোগাযোগের ঠিকানা (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) লিখতে হবে।

৭। চাকুরিরত প্রার্থীগণ অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে পারবেন। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। এ ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নহে।

৮। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। একজন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবে না। খামের উপরে পদের নাম মোটা অক্ষরে লিখতে হবে।

১০। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপর লিখতে হবে। (শারীরিক প্রতিবন্ধী/এতিম/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে)।

১১। প্রার্থীকে নির্বাচনী (লিখিত/মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকযোগে প্রবেশ পত্র প্রেরণ করা হবে। পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। কর্তৃপক্ষ অনিবার্য কারণে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, পদ সংখ্যা কম বা বেশি, সময় পরিবর্তন বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অক্ষুন্ন থাকবে।

১৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।
- ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;
- খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;
- গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;
- ঘ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র;
- ঙ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
- চ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;
- ছ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
- জ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমান্ডেন্ট আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;
- ঝ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক দপ্তর কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র;
- ঞ) প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ /প্রমাণপত্রের সনদ;
- ট) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;
- ঠ) কম্পিউটার ও শর্টহ্যান্ড এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র।

১৪। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৫। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৬। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনির ক্ষেত্রে প্রার্থীর আবেদনপত্রের সাথে তার পিতা/মাতা/পিতামহ/ মাতামহের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযোদ্ধা সনদ ও গেজেটের (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) ফটোকপি, যা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

১৭। একজন প্রার্থী একটি পদে আবেদন করতে পারবেন একাধিক পদে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।


**মোহাম্মদ মমিনুর রহমান**
জেলা প্রশাসক
চট্টগ্রাম
ফোন : ০২৩৩৩৩৬৯৯৯৬ ফ্যাক্স : ০২৩৩৩৩৬৫০৭২
ই-মেইল : dcchittagong@mopa.gov.bd



জি-২০১৬/২২ (১৩½ x ৪)